




শনিবার

৪ঠা এপ্রিল ২০২৬

মানবজামিন



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উপলক্ষে বৃহস্পতিবার এনএসইউ অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও শিল্প মন্ত্রণালয়ের উপদেষ্টা এডভোকেট রুহুল কবীর রিজভী আহমেদ, মুখ্য আলোচক ও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য (কিশোরগঞ্জ-৪) বীর মুক্তিযোদ্ধা মো. ফজলুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বীর মুক্তিযোদ্ধা বেনজীর আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসইউ'র উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এনএসইউ'র উপ-উপাচার্য অধ্যাপক নেছার ইউ. আহমেদ, এনএসইউ'র কোষাধ্যক্ষ অধ্যাপক আব্দুর রব খান, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। বিজ্ঞপ্তি